



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় ঢাকা।

স্মারক নং- ইআবি/পনি./ফা.অ-১.প/২০১৬/ ৬২

তারিখ : ০১ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ফাজিল (অনার্স) ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর পরীক্ষার উত্তরপত্র, প্রবেশপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র বিতরণ, সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনা এবং অনার্স কোর্সের মান উন্নয়ন বিষয়ে কর্মশালা প্রসঙ্গে।

সূত্র : ইআবি/পনি./ফা.অ-১.প/২০১৬/৪৯

তারিখ : ২০ অক্টোবর, ২০১৬ খ্রিস্টাব্দ


জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অনির্বাচ্য কারণবশত ১ম বর্ষ ফাজিল অনার্স পরীক্ষা-২০১৬ এর উত্তরপত্র, প্রবেশপত্র ও আনুষঙ্গিক কাগজপত্র আগামী ০৬-১১-২০১৬ তারিখের পরিবর্তে ০৮-১১-২০১৬ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩.৩০ টায় বিতরণ করা হবে। এ বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী কার্যালয় (বাড়ি নং ৪৪, রোড নং-১২/এ, শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, ৪র্থ তলা), ঢাকা-এর সভাকক্ষে পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা এবং অনার্স কোর্সের মান উন্নয়ন বিষয়ে এক কর্মশালার আয়োজন করা হয়েছে। উক্ত কর্মশালায় মাননীয় উপাচার্য পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনা এবং অনার্স কোর্সের মান উন্নয়ন বিষয়ে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করবেন। এ কর্মশালায় প্রত্যেক অনার্স মাদরাসার অধ্যক্ষের উপস্থিতি বিশেষভাবে কাম্য।

উল্লেখ্য যে, সকল অনার্স মাদরাসার অধ্যক্ষকে উক্ত সময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।

অধ্যক্ষ

সকল ফাজিল অনার্স মাদরাসা


পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
মোবাইল ০১৭০৫ ৪০৮০০২

তারিখ : ০১ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- ইআবি/পনি./ফা.অ-১.প/২০১৬/ ৬২(৪)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব (সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। অর্থ ও হিসাব বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৪। নথি।


উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
মোবাইল ০১৭০৫-৪০৮০০৪